



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

কাউখালীতে সন্ত্রাস্ত্র গ্রুপের সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে এক নারী নিহত, আহত ১

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির কাউখালী উপজেলার ঘাগড়া ইউনিয়নের নুঅ পাড়া গ্রামে আজ ৮ ডিসেম্বর ২০১৪, সোমবার সকালে জেএসএস সন্ত্রাস্ত্র গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে শাক্যমনি চাকমার স্ত্রী ও ২ সন্তানের জননী চিকনবি চাকমা (তুংগালা) নামে এক নারী নিহত ও মৃত জয়সেন চাকমার ছেলে হরিধর চাকমা (৪৫) নামে এক ব্যবসায়ী আহত হয়েছেন। ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠনক সচল চাকমা এই ন্যাক্সারজনক ও কাপুরুষোচিত হামলার তীব্র নিন্দা জানিয়েছেন।

নিহত চিকনবি চাকমা কয়েকদিন আগে তার শ্বশুর বাড়ি দেওয়ান পাড়া থেকে পিত্রালয়ে বেড়াতে আসেন। তার পিতার নাম কালাবো চাকমা। অপরদিকে আহত হরিধর চাকমার বাড়ি হারাসী পাড়ায়। তিনি ব্যবসার কাজে ঘটনাস্থল কালাবো চাকমার দোকানে অবস্থান করছিলেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা ঘটনার বর্ণনা দিয়ে বলেন, সোমবার সকাল ১০টার দিকে সন্ত্রাস্ত্র গ্রুপের ১০-১২ জনের একদল সশস্ত্র সন্ত্রাসী নুঅ পাড়ার বাসিন্দা কালাবো চাকমার দোকান ঘেরাও করার পর উপর্যুপরি ব্রাশ ফায়ার করে। এতে ঘটনাস্থলে চিকনবি চাকমা নিহত এবং হরিধর চাকমা আহত হন।

বিবৃতিতে তিনি আরো বলেন, “সন্ত্রাস্ত্র লারমা আন্দোলনের পথ হারিয়ে এখন জাতি ধ্বংসের সর্বনাশা খেলা ভ্রাতৃঘাতী সংঘাতে মেতে উঠেছেন। একদিকে অসহযোগ আন্দোলনের আল্টিমেটাম দেয়ার নামে সরকারের সাথে সাজানো নাটকে অভিনয় করছেন, অন্যদিকে অবাধে নরহত্যা চালিয়ে যাচ্ছেন। কিন্তু তাকে এই জঘন্য অপরাধের পরিণাম ভোগ করতেই হবে।”

সচল চাকমা সন্ত্রাস্ত্র লারমাকে জুম্ম জাতির অভিশাপ আখ্যা দিয়ে বলেন, “তিনি জুম্ম জাতি ও জনগণের যে ক্ষতি করেছেন, আর কোন দালাল তা করতে পারেনি। তার কারণেই আজ জাতি দ্বিধাবিভক্ত, তার কারণেই আজ যত সংঘাত ও অশান্তি। তাই পার্বত্য চুক্তির পর যারাই তার জন্ম দেয়া ভ্রাতৃঘাতী সংঘাতে প্রাণ হারিয়েছে তাদের সবার মৃত্যুর জন্য একমাত্র তিনিই দায়ী।”

পরিশেষে ইউপিডিএফ নেতা অবিলম্বে চিকনবি চাকমার হত্যাকারী সন্ত্রাস্ত্র গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।